

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.১৩০৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

বিষয়: আগামী ১৮ অক্টোবর ২০২২ তারিখে সারাদেশে স্থাপিত ‘শেখ রাসেল ডিজিটাল ল্যাব’ ও ‘শেখ রাসেল স্কুল অব ফিউচার’ শুব উদ্বোধন প্রসঙ্গে।


সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং: ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৫৬.২০-২৬; তারিখঃ ২৯ জুন ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)-এর আওতায় প্রযুক্তি সংশ্লিষ্ট শিক্ষার গুণগত মান বৃদ্ধি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, শিক্ষক, ছাত্র-ছাত্রী ও স্থানীয় তরুণ-তরুণীদের আইসিটি ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি ও স্বাবলম্বী হওয়ার সুযোগ সৃষ্টির লক্ষ্যে সারাদেশের ৫০০০টি শিক্ষা প্রতিষ্ঠানে ১৭টি উন্নতমানের ল্যাপটপ, প্রয়োজনীয় আসবাবপত্র ও ইন্টারনেট কানেক্টিভিটির সমন্বয়ে ৫০০০টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। এছাড়া সৃজনশীল ও উদ্ভাবনী চিন্তাশক্তি সমৃদ্ধ শিক্ষা-ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে পরিবর্তিত শিক্ষা বিজ্ঞান, ভবিষ্যৎ শিক্ষার পরিবেশ উন্নয়ন, মৌলিক চিন্তা ও সমস্যা সমাধানের বিষয়ে দক্ষতা উন্নয়ন এবং আধুনিক প্রযুক্তির সমন্বয়ে সারাদেশের প্রতিটি সংসদীয় আসনে ০১টি করে মোট ৩০০টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে।

০২। ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে এবং ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগ ও অবদান এবং স্মৃতি বিজড়িত ১৯৭৫ সালের ১৫ আগস্টের শোকাবহ ইতিহাস সম্পর্কে সারাদেশের লাখো ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, তরুণ-তরুণীসহ সাধারণ জনগণের নিকট উপস্থাপন, উজ্জীবিতকরণ, অবহিতকরণ ও আগ্রহীকরণের লক্ষ্যে সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। আগামী ১৮ অক্টোবর ২০২২ তারিখে জাতীয়ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে “শেখ রাসেল, নির্মলতার প্রতীক, দুরন্ত প্রাণবন্ত নির্ভীক” প্রতিপাদ্যে শেখ রাসেল দিবস পালন/উদ্‌যাপন করা হবে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা, এমপি প্রধান অতিথি হিসেবে সদয় উপস্থিত থেকে সারাদেশের ৫০০০টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” এবং ৩০০টি “শেখ রাসেল স্কুল অব ফিউচার” শুব উদ্বোধন করার বিষয়ে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন।

০৩। এমতাবস্থায়, সারাদেশে স্থাপিত প্রতিটি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” এবং “শেখ রাসেল স্কুল অব ফিউচার” শুব উদ্বোধনের জন্য প্রকল্প দপ্তর থেকে প্রেরিত গাইডলাইন অনুযায়ী উদ্বোধনী ফলক স্থাপনসহ সার্বিক প্রস্তুতি গ্রহণ এবং উদ্বোধনী অনুষ্ঠানে ল্যাবে উপস্থিত থেকে ভারুয়াল/ অনলাইনে সম্পৃক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ (এক) পাতা।



১১-১০-২০২২

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮২৬

বিতরণ :

- ১) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩) শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট (সকল)।

ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬

ইমেইল: pdsrdl@doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.১৩০৫/১(২৫১)

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯
১১ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক (সকল)।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) জেলা শিক্ষা অফিসার সকল (সকল)।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৮) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

১১-১০-২০২২

মোহাম্মদ আবুল হাশেম

উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত দায়িত্ব)